**Q:1 প্রদত্ত তথ্যগুলি মনোযোগ সহকারে পাঠ করে সঠিক উত্তর নির্বাচন করুন।**
C বিন্দুটি A বিন্দুর 6 মিটার পূর্বে অবস্থিত। B বিন্দুটি A বিন্দুর 4 মিটার পূর্বে অবস্থিত। E বিন্দুর 2 মিটার দক্ষিণে F বিন্দুটি অবস্থিত, যেটি D বিন্দুর 2 মিটার পশ্চিমে অবস্থিত, যেটি C বিন্দুর 3 মিটার দক্ষিণে অবস্থিত।
যদি একজন ব্যক্তিকে F থেকে B বিন্দুতে যেতে C, D এবং E বিন্দু অতিক্রম করতে হয়, তাহলে B থেকে F এর দূরত্ব কত?
**1.** 4 মিটার
**2.** 9 মিটার
**3.** 5 মিটার
**4.** 6 মিটার

**Q:2** একই ডিপো থেকে দুটি বাস চলাচল করে। বাস A, 27 কিমি পশ্চিমে যায়, তারপর ডানদিকে ঘুরে 43 কিমি যায়। এদিকে বাস B,19 কিমি উত্তরে যায়, তারপর পশ্চিমে ঘুরে 61 কিমি যায়, তারপর ডানদিকে ঘুরে 24 কিমি যায়। বাস A এর সাপেক্ষে বাস B কত দূরে রয়েছে?
**1.** 34 কিমি পূর্ব
**2.** 88 কিমি পশ্চিম
**3.** 88 কিমি পূর্ব
**4.** 34 কিমি পশ্চিম

**Q:3** একটি বিমান 30 কিমি দক্ষিণে উড়ে যায়। তারপর এটি পূর্ব দিকে ঘুরে 10 কিমি উড়ে যায়, তারপর এটি বাম দিকে ঘুরে 25 কিমি উড়ে যায়, তারপর এটি ঘুরে 10 কিমি পশ্চিম দিকে উড়ে যায়। শুরু অবস্থানের নিরিখে বিমানটি কোনদিকে রয়েছে?
**1.** 5 কিমি দক্ষিণ
**2.** 5 কিমি উত্তর
**3.** 55 কিমি দক্ষিণ
**4.** 55 কিমি উত্তর

**Q:4** একটি বিন্দু থেকে ধীরাজ দক্ষিণ দিকে যাত্রা শুরু করল। 30 মিটার যাওয়ার পরে, সে ডানদিকে ঘুরে 20মিটার যায়, তারপরে সে আবার ডানদিকে ঘুরে 30 মিটার যাত্রা করে। অবশেষে সে বামদিকে ঘুরে 40 মিটার যাত্রা করেন। সূচনা বিন্দুর নিরিখে সে বর্তমানে কোন দিকে রয়েছে এবং কত দূরে রয়েছে?
**1.** 45 মিটার, দক্ষিণ
**2.** 60 মিটার, পশ্চিম
**3.** 60 মিটার, উত্তর
**4.** 40 মিটার, পূর্ব

**Q:5** একজন ব্যক্তি 4 মিটার পূর্বে যাওয়ার পরে ডানদিকে ঘুরে যান। এরপরে 3 মিটার যাওয়ার পরে বামদিকে ঘুরে 2 মিটার যান। সূচনার নিরিখে তিনি এখন কোন দিকে রয়েছেন?
**1.** পূর্ব
**2.** পশ্চিম
**3.** দক্ষিণ পূর্ব
**4.** দক্ষিণ পশ্চিম

**Q:6** দুটি জাহাজ একই বন্দর থেকে যাত্রা শুরু করেছে। জাহাজ A পূর্বদিকে 45 মাইল পথ যাত্রা করে, তার পরে ডানদিকে বেঁকে আরও 60 মাইল পথ যাত্রা করে। এর মাঝে জাহাজ B 125 মাইল দক্ষিনে যাত্রা করে, এবং বামদিকে বেঁকে 45 মাইল পথ যাত্রা করে। তার পর দক্ষিনে বেঁকে আরও 15



Asutosh Mukherjee Road, College Para, Hathi More, Siliguri, West Bengal
+91 - 8436586516, +91-8436900456
thedhronas@gmail.com
thedronas.com
GET IT ON Google Play

মাইল পথ যাত্রা করে। B জাহাজের অবস্থানের কোন দিকে A জাহাজটি অবস্থান করে?
**1.** 80 মাইল উত্তরে
**2.** 80 মাইল দক্ষিনে
**3.** 200 মাইল উত্তরে
**4.** 200 মাইল দক্ষিনে

**Q:7** একটি পাখি তার বাসা থেকে উড়ে 3 কিমি উত্তরে পোঁছায়। তারপর পশ্চিমে বেঁকে 4 কিমি পথ অতিক্রম করে, দক্ষিনে বেঁকে আবারও 11 কিমি পথ উড়ে। তারপরে তার বামদিকে বেঁকে 4 কিমি পথ উড়ে। বর্তমানে তার বাসা থেকে কত দূরে অবস্থান করে?
**1.** 8 কিমি উত্তরে
**2.** 8 কিমি দক্ষিনে
**3.** 14 কিমি দক্ষিনে
**4.** 14 কিমি উত্তরে

**Q:8** একটি শহরে, হাসপাতালটি স্কুল থেকে 10 কিমি পূর্বে। বাস স্টপ হাসপাতালের দক্ষিণে 5 কিমি। জাদুঘরটি বাস স্টপ থেকে 5 কিমি পশ্চিমে। বাজারটি জাদুঘরের দক্ষিণে 5 কিমি এবং রেলওয়ে স্টেশনটি বাজারের পশ্চিমে 5 কিমি। রেল স্টেশনের সাপেক্ষে হাসপাতাল কোন দিকে?
**1.** উত্তর
**2.** উত্তর -পূর্ব
**3.** দক্ষিণ -পশ্চিম
**4.** পশ্চিম

**Q:9** একটি ছেলে P বিন্দু থেকে শুরু করে উত্তর দিকে 20 কিমি হেঁটে Q বিন্দুতে থামে। এখন, সে তার বাম দিকে 45° বাঁক নেয় এবং 15 কিলোমিটার হেঁটে একটি বিন্দু R তে পৌঁছায়। এখন, সে 45° ডান দিকে মোড় নেয় এবং 10 কিলোমিটার হেঁটে একটি বিন্দু S -এ পৌঁছায়, অবশেষে, সে তার ডানদিকে 135 ° বাঁক নেয় এবং 15 কিলোমিটার হেঁটে একটি বিন্দু T তে পৌঁছায়।
বিন্দু T এর সাপেক্ষে বিন্দু R কোন দিকে?
**1.** দক্ষিণ -পশ্চিম
**2.** উত্তর -পূর্ব
**3.** পশ্চিম
**4.** পূর্ব

**Q:10** সকালের রোদের সময়, সাবা বিন্দু P থেকে বিন্দু Q পর্যন্ত সোজা দক্ষিণে হাঁটেন। সে একটি ডান মোড় নেয় এবং কিছু দূর ভ্রমণ করার পর বিন্দু R তে পৌঁছায়। সে বাম মোড় নেয় এবং হেঁটে বিন্দু S এ পৌঁছায়। বিন্দু S এ দাঁড়িয়ে, সে একটি 270 ° ঘড়ির কাঁটার বিপরীত দিক মোড় নেয় এবং সোজা হাঁটে। সে দেখল তার ছায়া তার সামনের দিকে পড়ছে। বিন্দু P থেকে বিন্দু R কোন দিকে আছে ?
**1.** উত্তর -পূর্ব
**2.** দক্ষিণ -পশ্চিম
**3.** দক্ষিণ -পূর্ব
**4.** উত্তর পশ্চিম



Asutosh Mukherjee Road, College Para, Hathi More, Siliguri, West Bengal
+91 - 8436586516, +91-8436900456
thedhronas@gmail.com
thedronas.com
GET IT ON Google Play

## উত্তর কুঞ্জি

| | | | | |
|---|---|---|---|---|
| **1.** (2) | **2.** (4) | **3.** (1) | **4.** (2) | **5.** (3) |
| **6.** (1) | **7.** (2) | **8.** (2) | **9.** (1) | **10.** (2) |


## উত্তর অর ব্যাখায়

**Q:1** সঠিক উত্তর হল **বিকল্প 2** অর্থাৎ **9 মিটার**
C বিন্দুটি A বিন্দুর 6 মিটার পূর্বে অবস্থিত।
B বিন্দুটি A বিন্দুর 4 মিটার পূর্বে অবস্থিত।
E বিন্দুর 2 মিটার দক্ষিণে F বিন্দুটি অবস্থিত, যেটি D বিন্দুর 2 মিটার পশ্চিমে অবস্থিত, যেটি C বিন্দুর 3 মিটার দক্ষিণে অবস্থিত।




অর্থাৎ, **9 মিটার** হল সঠিক উত্তর।


**Q:2** সঠিক উত্তর হল **বিকল্প 4** অর্থাৎ **34 কিমি পশ্চিম**।
দিকনির্দেশ




অর্থাৎ A এবং B এর চূড়ান্ত গন্তব্যের মধ্যে দূরত্ব হল (61 - 27) = 34 কিমি

**Q:3** সঠিক উত্তর হল **বিকল্প 1** অর্থাৎ **5 কিমি দক্ষিণ**।

**ধারণা**





প্রশ্নে উল্লিখিত বিবৃতির উপর ভিত্তি করে লেখচিত্র আঁকার পর, আমরা উপরের চিত্রটি পাই।
এখানে, আমরা দেখতে পাই যে প্রাথমিক এবং চূড়ান্ত বিন্দুর মধ্যে দূরত্ব 5 কিমি এবং আমরা যদি চূড়ান্ত বিন্দুর দিকে অগ্রসর হই তবে সূচনা বিন্দু থেকে দক্ষিণ দিকে রয়েছে।



Asutosh Mukherjee Road, College Para, Hathi More, Siliguri, West Bengal
+91 - 8436586516, +91-8436900456
thedhronas@gmail.com
thedronas.com
GET IT ON Google Play

**Q:4** রসঠিক উত্ত হল **বিকল্প 2** অর্থাৎ **60 মিটার, পশ্চিম**


প্রদত্ত তথ্য থেকে নিম্নোক্ত লেখচিত্র অঙ্কন কর যায়




উপরের চিত্র থেকে স্পষ্ট যে, ধীরাজ সূচনা বিন্দুর নিরিখে 60 মিটার পশ্চিমে রয়েছে।


**Q:5** সঠিক উত্তর হল **বিকল্প 3** অর্থাৎ **দক্ষিণ পূর্ব**

একজন ব্যক্তি 4 মিটার পূর্বে যাওয়ার পরে ডানদিকে ঘুরে যান। এরপরে 3 মিটার যাওয়ার পরে বামদিকে ঘুরে 2 মিটার যান।





অর্থাৎ, **দক্ষিণ পশ্চিম** হল সঠিক।

**Q:6** সঠিক উত্তরটি হল **বিকল্প 1** অর্থাৎ **80 মাইল উত্তরে**




জাহাজ A এর অবস্থান হল উত্তর B জাহাজের অবস্থান অনুযায়ী এবং তার দূরত্ব হল 125 - 60 + 15 = **80 মাইল।**

**Q:7** সঠিক উত্তরটি হল বিকল্প **2** অর্থাৎ **8 কিমি দক্ষিনে**

| ধারণা | প্রয়োগ |
|---|---|
| দিকের উপলব্ধি |  |
| বাসা থেকে বর্তমান স্থানের দূরত্ব 11-3=8 কিমি এবং এটি দক্ষিনে অবস্থান করে তার বাসা থেকে। | |






Asutosh Mukherjee Road, College Para, Hathi More, Siliguri, West Bengal
+91 - 8436586516, +91-8436900456
thedhronas@gmail.com
thedronas.com
GET IT ON Google Play

**Q:8** সঠিক উত্তর হল **বিকল্প 2** অর্থাৎ **উত্তর -পূর্ব**


প্রশ্নে দেওয়া তথ্য অনুযায়ী একটি ছবি আঁকুন,




অতএব, রেলওয়ে স্টেশনের ক্ষেত্রে হাসপাতালটি উত্তর-পূর্ব দিকে।

**Q:9** সঠিক উত্তর হল **বিকল্প 1** অর্থাৎ **দক্ষিণ-পশ্চিম**


ছেলেটির মুভমেন্ট নিচে দেওয়া হল:




এইভাবে, বিন্দু R বিন্দু T- এর সাপেক্ষে দক্ষিণ-পশ্চিম দিকে।

**Q:10** সঠিক উত্তর হল **বিকল্প 2** অর্থাৎ **দক্ষিণ পশ্চিম**

প্রদত্ত বিবৃতি থেকে নিম্নলিখিত চিত্রটি তৈরি করা যেতে পারে




অতএব, R হল P এর দক্ষিণ পশ্চিমে



Asutosh Mukherjee Road, College Para, Hathi More, Siliguri, West Bengal
+91 - 8436586516, +91-8436900456
thedhronas@gmail.com
thedronas.com

GET IT ON Google Play